



আজিজ আহমেদ সেলিমের মৃত্যুতে শাবি প্রেসক্লাবের শোক

তারিখ: ১৯ই অক্টোবর ২০২০

সূত্র: প্রেস বিজ্ঞপ্তি

শোক প্রকাশ

সিনিয়র সাংবাদিক আজিজ আহমেদ সেলিম- এর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছে শাহজালাল বিশ্ববিদ্যালয় প্রেসক্লাব। সোমবার (১৯ই অক্টোবর) এক যৌথ বিবৃতিতে শাবি প্রেসক্লাবের সভাপতি হোসাইন ইমরান ও সাধারণ সম্পাদক মেহেদী কবীর এ শোক প্রকাশ করেন।

বিবৃতিতে শাবি প্রেসক্লাব নেতৃবৃন্দ বলেন, 'সিলেটের সাংবাদিক জগতের অন্যতম অভিভাবক আজিজ আহমেদ সেলিম-এর মৃত্যুতে আমরা অত্যন্ত ব্যথিত। অত্যন্ত সজ্জন ও মিষ্টভাষী আজিজ আহমেদ সেলিম এর অভাব অপূরণীয়। সর্বজন শ্রদ্ধেয় সাংবাদিক আজিজ আহমেদ সেলিম প্রজ্ঞা ও নিষ্ঠার সাথে সিলেট তথা বাংলাদেশের সাংবাদিকতায় অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন। শুধু সাংবাদিকতাই নয়, আজিজ আহমেদ সেলিম তাঁর নেতৃত্ব ও ব্যক্তিত্বের ছাপ রেখেছেন জীবনের প্রতিটি পর্যায়ে।

প্রেসক্লাব নেতৃবৃন্দ আজিজ আহমেদ সেলিমের রুহের মাগফেরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানান।

উল্লেখ্য, গত ১৮ই অক্টোবর, ২০২০ তারিখে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন তিনি। বাংলাদেশ টেলিভিশনের সিলেট প্রতিনিধির দায়িত্ব পালনের পাশাপাশি তিনি সিলেট থেকে প্রকাশিত দৈনিক উত্তরপূর্বের প্রধান সম্পাদক হিসেবেও দায়িত্ব পালন করছিলেন। এর আগে সিলেটের প্রাচীন সংবাদপত্র দৈনিক যুগভেরীও সম্পাদনা করেন তিনি।

বার্তা প্রেরক

জুবায়ের মাহমুদ

দপ্তর সম্পাদক

শাহজালাল বিশ্ববিদ্যালয় প্রেসক্লাব

মোবা: ০১৭৩৫৮১৪৮১১